

প্রথম আলো

বৃহস্পতিবার, ১১ জুলাই ২০১৯

বিজ্ঞপ্তি

এতদ্বারা নন-লাইফ বীমা কোম্পানি এবং বীমা প্রতিভাগনের সদয় জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে,

- বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক নন-লাইফ বীমা কোম্পানি সমূহের জন্য ২/৭/২০১৯ তারিখে জারিকৃত নন-লাইফ-৬৪/২০১৯ (আইডিআরএ) নং সার্কুলারের সকল বিধানসমূহ প্রতিপালন করুন।
- প্রতিটি নন-লাইফ বীমা কোম্পানি আগামী ১লা আগস্ট, ২০১৯ থেকে বিভিন্ন গ্রাহকের নিকট থেকে আদায়কৃত প্রিমিয়াম জ্ঞাকরণের জন্য যে কোন পৃথক ০৩ (তিনি) টি তফসিলি ব্যাংকে প্রতিটি ব্যাংকে ০১ (এক) টি করে সর্বোচ্চ পৃথক ০৩ (তিনি) টি হিসাবে রাখা যাবে। চেক, পে-অর্ডার, ইলেক্ট্রনিক ট্রেন্সফার এবং ৫,০০০/- টাকা পর্যন্ত ব্যাংক হিসাবে নগদ জমা প্রদান করা যাবে।
- আপনার প্রিমিয়ামের অর্থ জমা দিয়ে বীমা কোম্পানির সংশ্লিষ্ট কার্যালয় থেকে মানি রিসিপ্ট সংগ্রহ করুন। প্রিমিয়ামের অর্থ ৫,০০০/- টাকার উর্ধে নগদে পরিশোধে বিবরত থাকুন।
- আগামী ১লা আগস্ট' ২০১৯ থেকে ১৫% এর বেশি এজেন্সি কমিশন প্রদান করা যাবে না।
- কোন বীমা কোম্পানি ১৫% এর বেশি এজেন্সি কমিশন প্রদান করলে বীমা আইনের আওতায় অপরাধ হিসেবে বিবেচিত হবে এবং সে অনুযায়ী কর্তৃপক্ষ ব্যবস্থা এবন করবে।
- কমিশন ভিত্তিক কোন বীমা উন্নয়ন কর্মকর্তা নিয়োগ দেওয়া যাবে না এবং এ ধরনের নিয়োগ থাকলে তা ৩১ জুলাই, ২০১৯ এর মধ্যে বাত্তিল করতে হবে। শুধু বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এর লাইসেন্সধারী এজেন্টকে ১৫% কমিশন পরিশোধ করতে হবে।
- কোন বীমা কোম্পানি নিয়ম বিহীনভূত কাজে জড়িত থাকার প্রমাণ পাওয়া গেলে উক্ত কোম্পানির বিরুদ্ধে তাংক্রনিক ব্যবস্থা গ্রহণ করা হবে, এমনকি লাইসেন্সও বাতিল হতে পারে।
- বীমা কোম্পানির অর্থ কোন অনুমোদিত হিসাবের বাহিরে জমা হচ্ছে কিনা তা খতিয়ে দেখুন। উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংকসহ অন্যান্য সংস্থা আপনার কার্যালয়ের উপর নজর রাখছে। সুতরাং বিষয়টি সম্পর্কে সচেতন হউন।
- সার্কুলারের কোন বিষয় সম্পর্কে অস্পষ্টতা থাকলে তা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এর অধিবাসনে সংস্থানে সংশ্লিষ্ট সকল বীমা প্রতিভাগনের জ্ঞান প্রদান করার সাথে আলাপ করুন অথবা আপনার কোন সহকর্মীর সহযোগিতা নিয়ে বিষয়টি সম্পর্কে ভালভাবে জ্ঞান হউন।
- বীমাকৃত বিষয়বস্তুর ঘটাঘাট নিরাপত্তা, ক্ষতিপূরণ প্রাপ্তি তথা জাতীয় অর্থনৈতিক বীমা থাতের অবদান বৃদ্ধির স্বার্থে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (আইডিআরএ) কর্তৃক গৃহীত সিদ্ধান্তবলী বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল বীমা প্রতিভাগকে আন্তরিকভাবে সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।
- ১৯শে জুন, ২০১৯ তারিখে ঢাকা ক্লাবে সকল নন-লাইফ বীমা কোম্পানীর চেয়ারম্যান এবং মুখ্য নির্বাহী কর্মকর্তাদের সমন্বয়ে অনুষ্ঠিত সভায় বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (আইডিআরএ) কর্তৃক জারীকৃত ৬৪ নং সার্কুলারের বিষয়বস্তু প্রতিপালনে সর্বসমতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বীমা শিল্পের উন্নয়ন ও জাতীয় অর্থনৈতিক বীমা শিল্পের অবদান আরো বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট সকলকে উপরোক্ত বিষয়গুলো ঘটাঘাট পরিপালনে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

শেখ কবির হোসেন

প্রেসিডেন্ট



বাংলাদেশ ইন্সুরেন্স এসোসিয়েশন
হোসেন টাওয়ার (১০ম তলা), ১১৬, নয়া পল্টন, ঢাকা-১০০০।